

উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মলিনা রানী রায়।
 ডাইস চেয়ারম্যান(মহিলা) , উপজেলা পরিষদ,
 আগৈলঝাড়া, বরিশাল।
 সভার স্থান : উপজেলা সমাজসেবা অফিস কক্ষ, আগৈলঝাড়া, বরিশাল।
 তারিখ : ০৬/২/২৩ খ্রি।
 সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'।

সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কারো কোন আপত্তি বা কোন প্রকার সংশোধন না থাকায় কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। অতঃপর, সভায় উপস্থিত বিভিন্ন সদস্য উপজেলার সমাজকল্যাণ বিষয়ক সার্বিক কল্যাণের বিষয়ে মূল্যবান বক্তব্য রাখেন। বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

নং	আলোচনা	প্রস্তাব	বাস্তবায়নে
১.	উপজেলা শিল্পকলা একাডেমী বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উপজেলা শিল্পকলা একাডেমীতে যাতে ২০ এর অধিক প্রশিক্ষার্থীকে মনোনয়ন দেয়া যায় সে বিষয়ক প্রস্তাব উপজেলা শিল্পকলা একাডেমী সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।	সদস্য-সচিব।
২.	প্রতিবন্ধীতা ব্যক্তিদের সাংস্কৃতিক কার্যক্রমে অধিক হারে অংশ গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলার যে সব প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী রয়েছে প্রতি স্কুলে স্কুলে যাতে তাদের মনো সাংস্কৃতিক বিকাশ ঘটানোর জন্য বিভিন্ন ব্যতিক্রমী সাংস্কৃতিক প্রতিযোগীতা বা অনুষ্ঠানের আয়োজন করে তারজন্য উপজেলা শিক্ষা কমিটির সভাপতি বরাবরে প্রস্তাব পাঠানোর জন্য অনুরোধ করা হয়।	সমাজসেবা অফিস এবং সংশ্লিষ্ট কতৃপক্ষ।
৩.	শিল্পানুরাগী ব্যক্তিদের তালিকা করণ বিষয়ে সভায় আলোচনা হয়।	উপজেলা শিল্পকলা একাডেমীর মাধ্যমে হতে অত্র উপজেলার শিল্পানুরাগী ব্যক্তিদের একটি তালিকা উপজেলা নির্বাহী অফিসারের অফিসে সংরক্ষন করার জন্য সংগ্রহ প্রস্তাব করা হয়।	সংশ্লিষ্ট কমিটি ও

উপজেলা সমাজসেবা অফিসের সমাজকল্যাণ সম্পর্কিত কার্যক্রম সম্তোষজনক। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখার জন্য সকলের সহযোগীতা কামনা করে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।



(মলিনা রানী রায়)

সভাপতি

ও

ডাইস চেয়ারম্যান(মহিলা) ,

উপজেলা পরিষদ,

আগৈলঝাড়া, বরিশাল।


স্মারক নং- ৪১.০১.০৬০২.০০০.১৬.০০৫.১৩.

১৭

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৫। অফিস কপি।

তারিখ : ৬/২/২৩ খ্রি.



(মুশাফ হোসেন)

উপজেলা সমাজসেবা অফিসার

আগৈলঝাড়া, বরিশাল।